# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আবু আইয়ূবের বাড়ীতে অবতরণ (نزول فى بيت أبى أيوب الأنصارى)

অবশেষে রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, কার বাড়ী নিকটে? আবু আইয়ূব বললেন, هَذِهِ دَارِى وَهَذَا بَابِى ‘এই তো আমার বাড়ী, এইতো আমার দরজা’। তখন রাসূল (ছাঃ) তার বাড়ীতে গেলেন। আবুবকরও তাঁর সাথে গেলেন। এই সময় রাসূলুল্লাহ (ছাঃ) দো‘আ করেন, قُومَا عَلَى بَرَكَةِ اللهِ ‘আল্লাহর রহমতের উপরে তোমরা দু’জন (রাসূল ও আবুবকর) দাঁড়িয়ে যাও’ (বুখারী হা/৩৯১১)। এর মাধ্যমে তিনি সেখানে অবস্থান করার কথা ঘোষণা দেন। আবু আইয়ূবের বাড়ীটি ছিল দোতলা।

আবু আইয়ূব (রাঃ) বলেন, তিনি তাঁকে দোতলায় থাকতে অনুরোধ করেন। কিন্তু রাসূল (ছাঃ) বললেন, নীচতলাটাই সহজতর (السُّفْلُ أَرْفَقُ) হবে। ফলে আবু আইয়ূব দোতলায় এক পাশে থেকে রাত্রি যাপন করতে থাকেন। এক রাতে তিনি চিন্তা করলেন, রাসূল (ছাঃ) নীচে থাকবেন, আর আমরা তাঁর মাথার উপরে চলাফেরা করব, এটা কিভাবে সম্ভব? পরে তিনি এসে বললেন, হে আল্লাহর রাসূল! আপনাকে নীচে রেখে আমরা মাথার উপরে থাকতে পারব না। তখন রাসূল (ছাঃ) দোতলায় উঠেন। আবু আইয়ূব (রাঃ) নীচ থেকে তাঁর জন্য খাবার রান্না করে উপরে পরিবেশন করতে থাকেন। খাওয়ার পর পাত্রে কিছু বাকী থাকলে আবু আইয়ূব ও তাঁর স্ত্রী তা (বরকতের আশায়) খেয়ে নিতেন’।[1]

## ফুটনোট

[1]. মুসলিম হা/২০৫৩ (১৭১); ছহীহ মুসলিমের উক্ত বর্ণনার সঙ্গে ইবনু হিশামের বর্ণনায় কিছুটা গরমিল রয়েছে। কেননা সেখানে রাসূল (ছাঃ) নীচতলাতেই অবস্থান করেন’ বলা হয়েছে (ইবনু হিশাম ১/৪৯৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5360

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন